

৬৭

**গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই
স্কুলে পরীক্ষার পরে
বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি**

ইত্তেফাক রিপোর্টঃ গতকাল শনিবার
গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলে প্রথম ও
দ্বিতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা শেষে এক
তুলকালাম কাভের সৃষ্টি হয়। লাইনে
সুশৃঙ্খলভাবে কিছু ছেলেকে অভিভাবকরা
গ্রহণের পরে কিছুসংখ্যক উচ্চশ্রম
অভিভাবকের বিশৃঙ্খল আচরণের কারণেই
মূলতঃ এই পরিস্থিতির সৃষ্টি হয়। এই স্কুলে
২৪০টি আসনের বিপরীতে ১৮২৫ জন ছাত্র
পরীক্ষায় অংশগ্রহণ করে। তাহাদের সাথে
স্কুল-চত্বরে সমাগম ঘটে কয়েক হাজার
অভিভাবকের। দুপুর ১২ টায় পরীক্ষা শেষ
হওয়ার কিছু পূর্ব হইতে সুশৃঙ্খলভাবে স্কুলের
শিক্ষক ও স্বৈচ্ছাসেবকদের সহায়তায়
অভিভাবক-অভিভাবিকারা তাহাদের সন্তান-
দের গ্রহণ করিতে থাকে। প্রায় দেড়শত ছাত্র
গ্রহণের পর কিছু অতি উৎসাহী অভিভাবক
লাইন ভাঙ্গিয়া তাহাদের সন্তানদের গ্রহণের
জন্য স্কুল ভবনের দিকে ছুটিয়া গেলে
তাহাদের দেখাদেখি অন্যরাও স্রোতের মত
সেদিকে ছুটিতে থাকে। এ পরিস্থিতিতে
বিশেষ করিয়া মহিলারা দিখিদিখি ছুটাছুটি শুরু
করিতে থাকেন। এসময় অনেকে কান্নায়
ভাঙ্গিয়া পড়েন। কোন কোন অভিভাবক-
অভিভাবিকাকে এসময় উচ্চৈঃস্বরে দোয়া-
দুরূদ পড়তে দেখা যায়। ঘন্টাখানেক এরূপ
বিশৃঙ্খলা পরিস্থিতি চলিতে থাকে। তখন স্কুল
কর্তৃপক্ষ ও স্বৈচ্ছাসেবকরা অসহায় হইয়া
পড়েন। পরে পুলিশ ডাকা হয় এবং স্কুল
কর্তৃপক্ষ ও স্বৈচ্ছাসেবকদের সহায়তায়
পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়। এ ছড়াছড়িতে
কোন কোন ছাত্রের প্রবেশপত্র হারাইয়া যায়।